

অলোকরঞ্জন দাশগুপ্ত

ব্রোঞ্জের দম্পতি
জুরিখ থেকে ফিরে আসারপথে
হৃদের তীরে দাঁড়াইছন্নমতি,
আবার দেখি মুখ টিপে হাসলেন
হেনরি মুরের ব্রোঞ্জেরদম্পতি।
ওই দুই জন রাজা এবং রানী,
বসে আছেন কতো না যুগ ধরে,
স্বদেশে থেকে নির্বাসিত, আর
হাটুতে জং, মাথার ওপরঘোরে

গাং চিলেরা , লক্ষ করিআমি
সসম্বন্ধে ওদের নড়াচড়া,
কারণটা নয় আদৌ রাজকীয়,
কারণ ওঁরা হেনরী মুরেরগড়া !

